




“আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ”



“জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অধাধিকার”



কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয় : ১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	: প্রকৌ. রওনাকুল ইসলাম
তারিখ	: ১২-০৮-২০২১
স্থান	: প্রধান কার্যালয়, কেজিডিসিএল, চট্টগ্রাম।
উপস্থিত সদস্য	: পরিশিষ্ট-ক

১.০ আলোচনা :

মহাব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস)/কোম্পানি সচিব(অ.দা.) ও আহ্বায়ক নৈতিকতা কমিটি প্রকৌ. রওনাকুল ইসলাম এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়।

১.১ সভার শুরুতে কোম্পানির জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০২০-২০২১ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়িত কার্যক্রমসমূহের বিষয়ে পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায় যে, কোভিড-১৯ পরিস্থিতিতে নথি বিনষ্টিকরণ কার্যক্রম অবাস্তবায়িত ও মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়ন হয়নি এবং গ্যাস বিপণন বিধিমালা-২০২০ জারি না হওয়ায় কোম্পানিতে প্রবর্তন সম্ভব হয়নি। অন্যান্য কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

১.২ জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রণীত কর্মপরিকল্পনা ইতোমধ্যে পেট্রোবাংলায় ও কোম্পানির সকল ডিভিশন/ডিপার্টমেন্টে প্রেরণ এবং কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। তদালোকে চলমান অর্থবছরে কর্মপরিকল্পনাভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুস্বারোপ করা হয়।

২.০ সিদ্ধান্ত :

২.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কোয়ার্টার ভিত্তিক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইটে আপলোড ও পেট্রোবাংলার নৈতিকতা কমিটি বরাবর প্রেরণ করতে হবে।

২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০২১-২০২২ অর্থবছরের জন্য কোম্পানির কর্মপরিকল্পনা (সংযুক্ত) অনুযায়ী কার্যক্রমসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/পদ/ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক সময়াবদ্ধভাবে সম্পন্ন করতে হবে। কার্যক্রমসমূহ নিম্নবর্ণিত :

➤ নৈতিকতা কমিটির সভা আয়োজন।


বাস্তবায়নে : ফোকাল পয়েন্ট, NIS/নৈতিকতা কমিটি।

➤ নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন।

বাস্তবায়নে : সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প/ফোকাল পয়েন্ট।

- সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন।
বাস্তবায়নে : বিপণন উত্তর ও দক্ষিণ ডিভিশন।
- শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।
বাস্তবায়নে : প্রশাসন ও সংস্থাপন ডিপার্টমেন্ট।
- কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্তে টয়লেট ব্যবস্থাপনা উন্নীতকরণ।
বাস্তবায়নে : কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট।
- বিদ্যুৎ ও পানি সশ্রয়ী কার্যক্রম গ্রহণ।
বাস্তবায়নে : কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট।
- শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ।
বাস্তবায়নে : সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প/ফোকাল পয়েন্ট।
- শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা।
বাস্তবায়নে : প্রশাসন ও আইটি ডিপার্টমেন্ট।
- ২০২১-২০২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা।
বাস্তবায়নে : পরিকল্পনা ও আইটি ডিপার্টমেন্ট।
- গণশুনানী আয়োজন।
বাস্তবায়নে : কোম্পানি সেক্রেটারিয়েট ডিভিশন।
- জিএম/ডিজিএম কর্তৃক শিল্প-কারখান পরিদর্শন ও পরিদর্শনে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ।
বাস্তবায়নে : বিপণন উত্তর ও দক্ষিণ ডিভিশনের আওতাধীন বিক্রয় ডিপার্টমেন্টসমূহ।
- অফিস/স্থাপনা পরিদর্শন ও পরিদর্শনে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ।
বাস্তবায়নে : প্রশাসন ডিপার্টমেন্ট।
- শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক প্রচার প্রচারণার লক্ষ্যে লিফলেট/স্টিকার বিতরণ।
বাস্তবায়নে : কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট।
- গাড়ির জ্বালানি ব্যবহারে যথার্থতা পরিবীক্ষণ (লেগবই পরীক্ষা) ও পরিবীক্ষণ প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে ফোকাল পয়েন্ট, NIS/নৈতিকতা কমিটি বরাবর প্রেরণ।
বাস্তবায়নে : কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট।
- প্রকল্পসমূহের কার্যক্রম সময়াবদ্ধভাবে বাস্তবায়ন।
বাস্তবায়নে : সকল প্রকল্প পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।

সভায় আর কোন আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২২/৫/২০২০

(প্রকৌ. রওনাকুল ইসলাম)
(ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস)
কোম্পানি সচিব (অ.দা.)